দৈনিক ইত্তেফাক

তারিখ 15 MAY 1994
পৃষ্ঠা 7 কলাম 7

21

# কৃষি বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের ক্লাস ও পরীক্ষা বর্জন

কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।। কৃষি প্রকৌশল ও কারিগরি অনুষদের সহকারী প্রফেসর মোহাম্মদ আলী বসুনীয়ার চেম্বার ভাংচুর তছনছ করার প্রতিবাদে

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## কৃষি বিশ্ববিদ্যালয়ে

(১ম পৃঃ পর)

গতকাল (শনিবার) কৃষি বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক ক্লাস বর্জন করেন এবং উক্ত অনুষদের তৃতীয় বর্ষের ফাইনাল পরীক্ষা অনির্দিষ্ট কালের জন্য বর্জনের সিদ্ধান্ত নিয়াছেন। গতকাল ক্যাম্পাসে কোন ক্লাস অনুষ্ঠিত হয় নাই এবং অধিকাংশ সাময়িক পরীক্ষা স্থগিত ছিল।

উক্ত অনুষদের তৃতীয় বর্ষের সার্ভেয়িং ফাইনাল পরীক্ষায় অসদুপায় অবলম্বনের কারণে উক্ত শিক্ষক মোঃ শফিকুল ইসলামকে বহিষ্কার করেন। পরীক্ষার পরে বিক্ষুব্ধ ছাত্ররা উক্ত শিক্ষকের চেম্বারে চড়াও হয় এবং তাহার অপসারণ দাবী করে। গতকাল শিক্ষকবৃন্দ ক্যাম্পাসে মৌন মিছিল করেন। মিছিলশেষে আমতলায় সমাবেশে বক্তব্য রাখেন শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর মোঃ মনসরুল আমিন এবং সাধারণ সম্পাদক প্রফেসর এ, এম, ফারুক। তাঁহারা এই ঘটনার সুষ্ঠু তদন্ত এবং বিচারের দাবী জানান।